গণপ্রজাতন্ত্রী বাংলাদেশ সরকার
জেলা প্রশাসকের কার্যালয়, ফেনী
(ত্রাণ ও পুনর্বাসন শাখা)
www.feni.gov.bd

**স্মারক নম্বর:** ০৫.২০.৩০০০.০০০.০১০.৪১.০০০৯.২৫.৬৬৪

তারিখ: ১০ কার্তিক ১৪৩২ বঙ্গাব্দ
২৬ অক্টোবর ২০২৫ খ্রিস্টাব্দ

বিষয়: **চলতি ২০২৫-২০২৬ অর্থবছরে গ্রামীণ অবকাঠামো সংস্কার (কাবিখা-খাদ্যশস্য) সাধারণ কর্মসূচির আওতায় উপজেলা পরিষদভিত্তিক ১ম কিস্তির খাদ্যশস্য (গম) উপ-বরাদ্দ প্রদান।**

সূত্র: ১। দুর্যোগ ব্যবস্থাপনা অধিদপ্তরের স্মারক নং-৫১.০১.০০০০.০১১.১৪.০০২.২৫.১২৪, তারিখ: ০২ সেপ্টেম্বর ২০২৫।
২। উপজেলা নির্বাহী অফিসার,ফেনী সদর, ফেনী এর কার্যালয়ের স্মারক নং- ৫১.০১.৩০২৯.০০০.৪১.০০৫.২৫-১১৪, তারিখ: ১৬ অক্টোবর ২০২৫।

উপর্যুক্ত বিষয় ও সূত্রোক্ত স্মারকের পরিপ্রেক্ষিতে ২০২৫-২০২৬ অর্থবছরে গ্রামীণ অবকাঠামো সংস্কার (কাবিখা) সাধারণ কর্মসূচির আওতায় ফেনী সদর উপজেলায় ১ম কিস্তিতে 116.8786 (একশত ষোল দশমিক আট সাত আট ছয়) মে: টন (গম) বরাদ্দ প্রদান করা হয়। বরাদ্দকৃত (গম) দ্বারা প্রকল্প বাস্তবায়নের নিমিত্ত নিম্নবর্ণিত শর্ত সাপেক্ষে প্রশাসক, উপজেলা পরিষদ, ফেনী সদর, ফেনী বরাবর উপ-বরাদ্দ প্রদান করা হলো।

২। এই ব্যয় বাজেট কোড ১৪৯০১০১-২১১০০০২০৩-৩৭২২১০২ (গম) কোড হতে নির্বাহ করা হবে।

| ক্রম | ইউনিয়ন/ পৌরসভার নাম | প্রকল্পের নাম | উপ-বরাদ্দকৃত খাদ্যশস্যের পরিমাণ (গম) মে: টন |
|---|---|---|---|
| ১ | শর্শদি | নোয়াবাদ সেকান্তর হাজী সড়ক ইটের সলিং করণ ও মাটি ভরাট | ১১.০০০ মে: টন |
| ২ | শর্শদি | মোহাম্মদ আলী বাজার ঈদগাহ সংলগ্ন পানি নিষ্কাশনের জন্য নালা খনন/নির্মাণ ও মাটি ভরাট | ৮.০০০ মে: টন |
| ৩ | পাঁচগাছিয়া | পাঁচগাছিয়া ফরায়েজী বাড়ি সংলগ্ন পানি নিষ্কাশনের জন্য নালা খনন/নির্মাণ ও মাটি ভরাট | ৯.০০০ মে: টন |
| ৪ | ধর্মপুর | বরইয়া আবু তাহের চৌধুরী বাড়ীর রাস্তার পাশে পানি নিষ্কাশনের জন্য নালা খনন/নির্মাণ ও মাটি ভরাট | ৮.০০০ মে: টন |
| ৫ | কাজিরবাগ | পানা উল্লাহ ভূঞা বাড়ীর রাস্তা অবশিষ্ট অংশ সংস্কার | ৮.০০০ মে: টন |
| ৬ | কালিদহ | সার্বজনীন বাড়ই বাড়ী মহাশশ্মানের সংস্কার (৩.০০০) ও চেওরিয়া বিদ্যুৎ মাষ্টার বাড়ীর রাস্তা মাটি দ্বারা সংস্কার (৫.৫০০) | ৮.৫০০ মে: টন |
| | বালিগাঁও | চর মধুয়াই সরকারি প্রাথমিক বিদ্যালয়ের মাঠ ভরাট | ৭.৫০০ মে: টন |
| ৭ | ধলিয়া | দৌলতপুর আবদুর রৌপ মেম্বারের বাড়ীর দরজায় জামে মসজিদ রাস্তা সংস্কার | ৭.৫০০ মে: টন |
| ৮ | লেমুয়া | মীরগঞ্জ দক্ষিণ জামে মসজিদ সড়কে মাটি দ্বারা সংস্কার | ৬.৫০০ মে: টন |
| ৯ | ছনুয়া | মধ্যম ছনুয়া আবদুস সাত্তার জামে মসজিদের সামনে মাঠ ভরাট | ৬.০০০ মে: টন |
| ১০ | ছনুয়া | পূর্ব ছিলোনীয়া বীর মুক্তিযুদ্ধা একেএম একরামুল হক সড়ক সংস্কার | ৮.০০০ মে: টন |
| ১২ | মোটবী | মোটবী আদর্শ উচ্চ বিদ্যালয়ের মাঠ ভরাট | ৬.০০০ মে: টন |
| ১৩ | ফাজিলপুর | ফাজিলপুর আব্দুল মুন্সী মসজিদের পুকুরের পাড়ে গার্ডওয়াল নির্মাণ ও মাটি ভরাট | ৭.০০০ মে: টন |
| ১৪ | ফরহাদনগর | কে.এম.ঘোনা সরকারি প্রাথমিক বিদ্যালয়ের মাঠ এবং ইউপি ভবনের সীমানায় মাটি ভরাট | ৬.৫০০ মে: টন |
| ১৫ | | বিভিন্ন ইউনিয়নের এইচ বিবি রাস্তা মেরামত | ৯.৩৭৮৬ মে: টন |
| সর্বমোট (একশত ষোল দশমিক আট সাত আট ছয়) মে: টন (গম) | | | ১১৬.৮৭৮৬ মে: টন |

শর্তবলী:

১। ২০২৫-২০২৬ অর্থবছরে উপজেলায় বরাদ্দের বিপরীতে প্রকল্প গ্রহণ, বাস্তবায়ন আগামী ৩১ ডিসেম্বর ২০২৫ খ্রি. তারিখের মধ্যে সম্পন্ন করতে হবে;
২। এ কর্মসূচির নগদ অর্থ ব্যয়ে প্রচলিত সকল আর্থিক বিধি বিধান এবং গ্রামীণ অবকাঠামো সংস্কার (কাবিখা-খাদ্যশস্য/নগদ টাকা) কর্মসূচি বাস্তবায়ন নির্দেশিকা-২০২১ (সংশোধনীসহ) যথাযথভাবে অনুসরণ করতে হবে;
৩। এ কর্মসূচির প্রকল্প গ্রহণ/বাছাই গ্রামীণ অবকাঠামো সংস্কার (কাবিখা-খাদ্যশস্য/নগদ টাকা) কর্মসূচি বাস্তবায়ন নির্দেশিকা-২০২১ এর অনুচ্ছেদ ৩, ৪ ও ৫ যথাযথভাবে অনুসরণ করতে হবে;
৪। প্রি-ওয়ার্ক পরিমাপ বাধ্যতামূলক করা। প্রি-ওয়ার্কের ডকুমেন্টের ছবি তুলে রাখা, ভিডিও সফটকপি সিডি আকারে সংরক্ষণ করা যাতে কর্মোত্তর জরিপের একটি তুলনা করা সম্ভব হয়। প্রতিটি প্রকল্পের বর্ণনাসহ যথাযথ সাইজের সাইনবোর্ড দৃশ্যমান স্থানে স্থাপন বাধ্যতামূলক করতে হবে;
৫। নির্ধারিত সময়ের মধ্যে কাজ সম্পন্ন না হলে দায়ী ব্যক্তিগণকে চিহ্নিত করে প্রচলিত বিধি মোতাবেক ব্যবস্থা গ্রহণ করতে হবে;
৬। প্রকল্প সুষ্ঠু বাস্তবায়নে সংশ্লিষ্ট কর্মকর্তাদের তদারকি/জবাবদিহিতার আওতায় এনে সর্বসাধারণের নিকট তা দৃশ্যমান করতে হবে;


৭। বরাদ্দ প্রাপ্তির ১৫ (পনের) দিনের মধ্যে P.I.C গঠনসহ আনুষঙ্গিক কাজ সম্পন্ন করে কাজ শুরু নিশ্চিত করা। অব্যয়িত খাদ্যশস্য/টাকা যথাসময়ে ফেরত প্রদান নিশ্চিত করতে হবে;

৮। গৃহীত/প্রস্তাবিত প্রকল্প সরেজমিন পরিদর্শনপূর্বক বরাদ্দকৃত অর্থ ছাড় করতে হবে;

৯। জেলা কর্ণধার কমিটি কর্তৃক অনুমোদিত প্রকল্প তালিকাসহ অগ্রগতির প্রতিবেদন এ কার্যালয়ে প্রেরণ নিশ্চিত করতে হবে;

১০। মন্ত্রণালয়ের উন্নয়ন প্রকল্পের আওতায় ব্রীজ/কালভার্ট/অবকাঠামো প্রভৃতির সাথে সম্পৃক্ত কার্যক্রমকে অগ্রাধিকার দিতে হবে;

১১। নিরীক্ষার জন্য হিসাব /ভাউচার যথারীতি সংরক্ষণ করতে হবে।



২৬-১০-২০২৫
ফাহমিদা হক
জেলা প্রশাসক, ফেনী (ভারপ্রাপ্ত)
০৩৩১৭৪০০
dcfeni@mopa.gov.bd


প্রশাসক, উপজেলা পরিষদ ফেনী সদর
ফেনী।

**স্মারক নম্বর:** ০৫.২০.৩০০০.০০০.০১০.৪১.০০০৯.২৫.৬৬৪/১ (৫)

তারিখ: ১০ কার্তিক ১৪৩২ বঙ্গাব্দ
২৬ অক্টোবর ২০২৫ খ্রিস্টাব্দ

**সদয় জ্ঞাতার্থে/জ্ঞাতার্থে (জ্যেষ্ঠতার ক্রমানুসারে নয়):**

১। মহাপরিচালক, দুর্যোগ ব্যবস্থাপনা অধিদপ্তর, ঢাকা।
২। উপজেলা নির্বাহী অফিসার, ফেনী সদর, ফেনী।
৩। জেলা খাদ্য নিয়ন্ত্রক, ফেনী।
৪। উপজেলা প্রকল্প বাস্তবায়ন কর্মকর্তা, ফেনী সদর, ফেনী।
৫। উপজেলা খাদ্য নিয়ন্ত্রক, ফেনী সদর, ফেনী।



২৬-১০-২০২৫
ফাহমিদা হক
জেলা প্রশাসক, ফেনী (ভারপ্রাপ্ত)